আবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/25/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেট জুড়ে বিদ্যমান অলাভজনক শিল্প ও সাংস্কৃতিক সংগঠনগুলোকে সহায়তা করার জন্য 80 মিলিয়ন মার্কিন ডলার তহবিল নিশ্চিতের ঘোষণা দিয়েছেন

NYSCA ক্যাপিটাল প্রজেক্ট ফান্ডে তিনটি অনুদানমূলক বিভাগ অন্তর্ভুক্ত যার মধ্যে শিল্প ও সংস্কৃতির জন্য ক্যাপিটাল ডিজাইন অনুদানের ক্ষেত্রে প্রথমবারের মতো সুযোগ রয়েছে

স্টেট পূর্বে হাডসন ভ্যালি শেক্সপিয়র সম্প্রসারণে – 13 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি সহায়তা করেছে - NYSCA-এর বৃহৎ মূলধন সংশ্লিষ্ট অনুদান সুযোগের মাধ্যমে 10 মিলিয়ন মার্কিন ডলার পাওয়ার প্রথম প্রকল্পগুলোর মধ্যে এটি একটি

NYSCA ক্যাপিটাল অনুদানে 32 মিলিয়ন মার্কিন ডলার নিশ্চিত করে যা ইতোমধ্যেই 2024 সালে শিল্প ও সাংস্কৃতিক সংগঠনগুলোকে সহায়তা করার জন্য প্রদান করা হয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে 80 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত মূলধন তহবিল এখন অলাভজনক শিল্প ও সাংস্কৃতিক সংগঠনগুলোগুলোর জন্য নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন আর্টস ক্যাপিটাল প্রজেক্ট ফান্ডের মাধ্যমে বিদ্যমান রয়েছে। গভর্নর হোকল হাডসন ভ্যালি শেক্সপিয়র সম্প্রসারণ প্রকল্পের গ্রাউন্ডব্রেকিংয়ের সময় নতুন অর্থায়নের ঘোষণা করেছিলেন, যার মধ্যে একটি LEED সার্টিফায়েড থিয়েটার এবং ভূমির পরিবেশবান্ধব পুনরুদ্ধার অন্তর্ভুক্ত রয়েছে। মিড হাডসন রিজিওনাল ইকোনমিক ডেভেলপমেন্ট কাউন্সিল (Mid Hudson Regional Economic Development Council) এবং নিউ ইয়র্ক স্টেট অফিস অব পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজারভেশন (New York State Office of Parks, Recreation and Historic Preservation)-এর সুপারিশ অনুসারে NYSCA, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)-এর 13.25 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগের মাধ্যমে সম্প্রসারণটি সহায়তাপ্রাপ্ত।

"হাডসন ভ্যালি শেক্সপিয়ারের মতো শিল্প ও সাংস্কৃতিক সংগঠনগুলো নিউ ইয়র্ক স্টেট জুড়ে থাকা কমিউনিটির কেন্দ্রবিন্দু — স্থানীয় অর্থনীতিকে চাঙ্গা করার পাশাপাশি আমাদের প্রাণবন্ত

পর্যটন শিল্পকে পরিচালিত করে," **গভর্নর হোকল বলেন।** "যেহেতু আমরা হাডসন ভ্যালি শেক্সপিয়ারের সম্প্রসারণের গ্রাউন্ডব্রেকিং উদযাপন করছি তাই আমরা স্টেট জুড়ে আরও অনেক সংস্থাকে নিউ ইয়র্কবাসীদের পরবর্তী প্রজন্মের উন্নতি, সমৃদ্ধি এবং অনুপ্রাণিত করার সুযোগ পেতে সাহায্য করার জন্য 40 মিলিয়ন মার্কিন ডলার হাতে আছে তা নিশ্চিত করছি৷"

এই বছরের শুরুর দিকে NYSCA কর্তৃক সংগঠিত 32 মিলিয়ন মার্কিন ডলারের পুঁজি ভিত্তিক অনুদানের উপর 40 মিলিয়ন মার্কিন ডলারের অর্থায়নের সুযোগ তৈরি হয় যার মধ্যে রয়েছে বহু-বছরের তহবিল বৃহৎ আকারের মূলধনী প্রকল্পগুলোকে সহজতর করার জন্য যা কমিউনিটির উন্নয়ন এবং অবস্থান জারি রাখার প্রক্রিয়াকে অগ্রাধিকার দেয়৷

NYSCA-র মুলধনী প্রকল্পের তহবিল সেইসমস্ত অমুনাফাভোগী কলা ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানকে সমর্থন করা যারা মুলধনী উন্নয়নের জন্য স্টেটের তহবিল খুঁজছে যা সংগঠনগুলিকে বৈচিত্র্যময় দর্শকের জন্য সাংস্কৃতিক কর্মসূচি টেকসই ও সম্প্রসারণ করতে দিবে, অ্যাক্সেসিবিলিটি এবং পরিবেশগতভাবে টেকসই হওয়ার প্রকার করবে, চাকরি সংরক্ষণ ও তৈরি করবে, এবং পরিণামে নিউ ইয়র্কের প্রাণবন্ত পর্যটন খাতের বিকাশে অবদান রাখবে।

সুযোগ তিনটি হলো:

শিল্প ও সংস্কৃতির জন্য ক্ষুদ্র ও মধ্যম আকারের ক্যাপিটাল উন্নয়ন অনুদান এই সুযোগটি যেকোনো আকারের অলাভজনক শিল্প ও সাংস্কৃতিক সংগঠনগুলোর মাধ্যমে শুরু করা প্রকল্পগুলোকে তহবিলের জোগান দেয় যার মধ্যে 2 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত অনুদান রয়েছে যা অ্যাক্সেসযোগ্যতা, শৈল্পিকতা, সাংস্কৃতিক উন্নয়ন, স্থায়িত্ব, স্বাস্থ্য ও নিরাপত্তা এবং কাঠামোগত ও ধারাবাহিক উন্নতিকে অগ্রাধিকার দেয়৷ 2 মিলিয়ন মার্কিন ডলারের নিচে অপারেটিং বাজেটধারী সংগঠনগুলোর জন্য 10,000-25,000 মার্কিন ডলার এবং 50,000-99,000 মার্কিন ডলারের নো-ম্যাচ অনুদান পাওয়া যাবে। শক্তিশালী প্রকল্প নকশায় পারদর্শিতার সাথে সাংগঠনিক ক্ষমতা সম্পর্কিত জ্ঞাত সিদ্ধান্ত এবং সম্প্রদায়ের চাহিদাকে একীভূত করে যা নিউ ইয়র্ক জুড়ে শিল্প ও সাংস্কৃতিক সংগঠনসমূহের ভবিষ্যতকে ইতিবাচকভাবে প্রভাবিত করবে।

শিল্প ও সংস্কৃতির জন্য বড় ক্যাপিটাল উন্নয়ন অনুদান এই সুযোগ স্টেটব্যাপী শিল্প ও সাংস্কৃতিক অমুনাফাভোগী প্রতিষ্ঠান যেগুলি কার্যকর, বৃহৎ-আকারের মুলধনী উন্নয়ন প্রকল্প হাতে নিচ্ছে তাদের সহায়তা করবে। অনুদান 2 মিলিয়ন মার্কিন ডলার থেকে শুরু করে 10 মিলিয়ন মার্কিন ডলার হবে ঐসব প্রকল্পের জন্য যাদের মোট খরচ 4 মিলিয়ন মার্কিন ডলার বা তার অধিক। এই অর্থায়ন সেই সমস্ত বিনিয়োগগুলিকে সমর্থন করবে যা সংগঠনগুলিকে সাংস্কৃতিক প্রকল্প সম্প্রসারণের মাধ্যমে নতুন এবং বৈচিত্র্যময় জনসাধারণ পর্যন্ত পৌঁছানো এবং অ্যাক্সেসিবিলিটি প্রচার করার মাধ্যমে বেড়ে উঠতে সহায়তা করবে। এই অনুদানগুলি স্টেটের অর্থনৈতিক উন্নয়ন, বৈচিত্র্য, সমতা এবং অন্তর্ভুক্তকরণের লক্ষ্যগুলিকে অগ্রসর করতে সহায়তা করবে এবং সকল আবেদনকারীর জন্য সামাজিক সমতা উদ্যোগ এবং সকল নিউ ইয়র্কবাসীদের সেবা প্রদান করে এমন অ্যাক্সেস পরিকল্পনায় প্রতিশ্রুতি প্রদান বাধ্যতামূলক হবে।

শিল্প ও সংস্কৃতির জন্য ক্যাপিটাল ডিজাইন অনুদান এই নতুন সুযোগটি স্টেট জুড়ে 10 মিলিয়ন মার্কিন ডলার বা তার কম অপারেটিং বাজেটধারী শিল্প ও সাংস্কৃতিক অলাভজনক সংগঠনগুলোর জন্য মধ্য-পর্যায়ের এবং উন্নত ডিজাইনের নথির বিকাশে সহায়তা করবে যারা যোগ্য মূলধনগত উন্নতির পরিকল্পনা করছে এবং বর্তমানে ডিজাইনের প্রাথমিক পর্যায়ে রয়েছে। অনুদানের পরিসীমা হবে ডিজাইন পর্বের মোট ব্যয়ের সর্বোচ্চ 50 শতাংশের ক্ষেত্রে 50,000-500,000 মার্কিন ডলার। এছাড়াও 2 মিলিয়ন মার্কিন ডলারের নিচে অপারেটিং বাজেটধারী সংগঠনগুলো 50,000 থেকে 99,000 মার্কিন ডলারের নো-ম্যাচ অনুদান পাবে।

এই সুযোগগুলোর জন্য অ্যাপ্লিকেশন পোর্টাল এবং নির্দেশিকাগুলো এখন উন্মুক্ত রয়েছে এবং NYSCA-এর ওয়েবসাইট, arts.ny.gov-এ অ্যাক্সেস করতে পারেন। পূরণকৃত আবেদন জমা দেওয়ার সময়সীমা 14 জানুয়ারি, 2025। নিউ ইয়র্ক স্টেটের সমস্ত যোগ্য অলাভজনক শিল্প ও সাংস্কৃতিক সংগঠনগুলোকে NYSCA-এর ক্যাপিটাল প্রজেক্ট ফান্ডের জন্য আবেদন করার আহ্বান জানানো হচ্ছে। NYSCA আবেদন প্রক্রিয়া সম্পর্কে ওয়েবিনারের আয়োজন করবে এবং আবেদনকারীদের জন্য 14 জানুয়ারি, 2025 এর সময়সীমার পূর্বে এক-এক সহায়তা লাভের জন্য একাধিক ভার্চুয়াল অফিস সেশনের আয়োজন করবে। বেশি পরিমাণ মূলধনের সমর্থনে আগ্রহী এমন সম্ভাব্য আবেদনকারীরা NYSCA-এর ক্যাপিটার প্রোজেক্ট কর্মীর সাথে কথা বলতে পারেন যাতে আবেদন করার আগে তাদের প্রোজেক্ট কর্মসূচিটির অগ্রাধিকারপ্রাপ্ত বিষয়ের সাথে সামঞ্জস্যপূর্ণ বলে নিশ্চিত করা যায়। 2025 এর শরতে অনুদানের পুরস্কারগুলি ঘোষণা করা হবে বলে প্রত্যাশা করা হয়।

হাডসন ভ্যালি শেক্সপিয়র সম্প্রসারণের গ্রাউন্ডব্রেকিং উদযাপন করার সময় গভর্নর হোকল আজ এই ঘোষণা করেছেন যা NYSCA, ESD এবং OPRHP থেকে 13.25 মিলিয়ন মার্কিন ডলার স্টেটীয় বিনিয়োগের মাধ্যমে সহায়তাপ্রাপ্ত। এই প্রকল্পটি NYSCA-এর বৃহৎ মূলধন সংশ্লিষ্ট অনুদানের সুযোগের মাধ্যমে 10 মিলিয়ন মার্কিন ডলার প্রাপ্ত প্রথম সারির প্রকল্পগুলোর মধ্যে একটি যা 2022 সালে প্রথম ঘোষণা করা হয়েছিল। এই সহায়তার মাধ্যমে, হাডসন ভ্যালি শেক্সপিয়ার তাদের সম্প্রতি অর্জিত 98+ একরকে একটি বছরব্যাপী গন্তব্যে রূপান্তরিত করবে যা অসামান্য শৈল্পিক প্রোগ্রামিং, অত্যাশ্চর্য দৃশ্যাবলী, বহিরঙ্গনমূলক বিনোদনের পাশাপাশি বিনামূল্যে কমিউনিটিতে বসবাসরতদের অবসর সময় কাটানোর একটি জায়গায় অফার করবে। সম্পন্ন হয়ে গেলে, এই নতুন ক্যাম্পাসটি হাডসন ভ্যালি এবং তার বাইরের দর্শকদের আকৃষ্ট করবে এবং সমগ্র অঞ্চলের জন্য একটি শক্তিশালী অর্থনৈতিক চালিকা শক্তি হিসেবে কাজ করবে।

2018 সালে NYSCA ক্যাপিটাল প্রকল্প ফান্ড শুরু হওয়ার পরে, সংস্থাটি গভর্নর এবং আইনসভার সহায়তায় 10টি স্টেটের সকল অঞ্চল জুড়ে মোট 216 মিলিয়ন মার্কিন ডলারের 473 ক্যাপিটাল অনুদান প্রদান করেছে। অর্থবছর 24 এ, 69 শতাংশ অনুদান গিয়েছে 3 মিলিয়ন মার্কিন ডলারের কম বাজেটের সংস্থাগুলোতে।

গভর্নর হোকল নিউ ইয়র্কের জাতীয় শীর্ষস্থানীয় শিল্প ও সাংস্কৃতিক খাতকে বাড়ানোর জন্য রেকর্ড পরিমাণ বিনিয়োগ অব্যাহত রেখেছেন। এছাড়াও 2025 অর্থ বছরের নির্বাহী বাজেটে

অলাভজনক সংগঠন এবং স্বতন্ত্র শিল্পীদের জন্য NYSCA সাধারণ অপারেটিং সহায়তা তহবিলে ৪0 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি অন্তর্ভুক্ত রয়েছে। এই অনুদানগুলো ক্যালেন্ডার বছরের শেষে প্রদান করা হবে।

নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন আর্টসের নির্বাহী পরিচালক এরিকা ম্যালিন বলেন, "এই গুরুত্বপূর্ণ প্রকল্পগুলো আমাদের সাংস্কৃতিক ফ্যাসিলিটিগুলোর জন্য এগিয়ে যাওয়ার পথ সুগম করে এবং তাদের কমিউনিটিগুলোকে অর্থনৈতিক ও সামাজিক সুবিধাবলি দিয়ে জাগিয়ে তোলে যা তাদের বিনিয়োগকে এগিয়ে নিয়ে যায়। শিল্প ও সাংস্কৃতিক প্রকল্পগুলো পর্যটন, ক্ষুদ্র ব্যবসা, ব্যক্তিগত উন্নতি এবং স্বাস্থ্যের উন্নয়ন বুস্টের মাধ্যমে তাদের কমিউনিটির উন্নতি সাধন করে। আমরা এই ধরনের সহায়তা প্রদান করলে সেক্ষেত্রে আমরা সংগঠনগুলোকে বড় স্বপ্ন দেখার এবং আরো বেশি সংখ্যক নিউ ইয়র্কবাসী ও ভ্রমণার্থীদের একইভাবে সেবা করার নিশ্চয়তা দিচ্ছি।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, সিইও ও কমিশনার হোপ নাইট বলেন, "হাডসন ভ্যালি শেক্সপিয়ার, নিউ ইয়র্ক স্টেটের অন্যতম জনপ্রিয় আঞ্চলিক স্থান, দেশের প্রতিটি কোণ থেকে দর্শকদের আকৃষ্ট করে এবং এটি মধ্য-হাডসন অঞ্চলের একটি গুরুত্বপূর্ণ অর্থনৈতিক কেন্দ্রস্থল। ESD হাডসন ভ্যালি শেক্সপিয়ার সম্প্রসারণকে সহায়তা করতে পেরে গর্বিত যাতে আরো বেশি বাসিন্দা এবং দর্শকবৃন্দ আগামী বহু বছর ধরে লাইভ থিয়েটারের অভিজ্ঞতা ভোগ করতে পারে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের ভাইস প্রেসিডেন্ট ও ট্যুরিজমের নির্বাহী পরিচালক রস ডি. লেভি বলেন,"শিল্প হলো নিউ ইয়র্কের জন্য একটি অত্যাবশ্যক পর্যটন জেনারেটর প্রক্রিয়া এবং আই লাভ NY (I LOVE NY) স্টেটের অতুলনীয় সাংস্কৃতিক অফারগুলোকে প্রচার করে চলেছে৷ গভর্নর হোকলের অধীনে, এই বিনিয়োগগুলো উন্নতি অর্জনে সাহায্য করবে এবং অতিথিদের নিজেদের জন্য শিল্পের অভিজ্ঞতার নতুন দাঁড় উন্মোচন করার পাশাপাশি নিউ ইয়র্ককে ভালোবাসা কতটা সহজ তা খুঁজে বের করবে৷"

স্টেট সিনেটর জোসে এম. সেরানো বলেন, "আমাদের শিল্প ও সাংস্কৃতিক সংগঠনগুলোতে এই চলমান বিনিয়োগ স্বীকার করে যে সেগুলো কিভাবে আমাদের অর্থনীতি, আমাদের শিক্ষা ব্যবস্থা এবং আমাদের কমিউনিটিগুলোকে শক্তিশালী ও সমর্থন করে। আমি গর্বিত যে শিল্প ও সংস্কৃতিকে সহজলভ্য এবং সবার দাড়ে পৌঁছানোর গুরুত্ব নিউ ইয়র্ক স্টেট স্বীকার করে৷"

অ্যাসেম্বলি মেম্বার ড্যানিয়েল ও'ডোনেল বলেন, "নিউ ইয়র্ক দীর্ঘদিন ধরে আমাদের দেশের শিল্প ও সংস্কৃতির কেন্দ্রবিন্দু৷ যেহেতু আমাদের শিল্প সেক্টরটি আধুনিক এবং স্থিতিস্থাপক অবকাঠামো তৈরিতে কাজ করে তাই এই মূলধন ভিত্তিক অনুদানগুলো সেইসব সংগঠনকে শক্তিশালী করতে সাহায্য করবে যারা দীর্ঘদিন ধরে তাদের কমিউনিটিগুলোতে আলো জ্বালিয়ে আসছে। এই বিনিয়োগগুলো ক্ষুদ্র ব্যবসা, কর্মী এবং শিল্পীদের প্রতি আমাদের বিশ্বাসকে পুনঃনিশ্চিত করে যা আমাদের টাউন এবং সিটিগুলোকে নতুনরূপে পরিচিত করার পাশাপাশি স্থানীয় অর্থনীতিকে সরাসরিভাবে শক্তিশালী করে। আমাদের শিল্প সেক্টরটির ভবিষ্যৎ উজ্জ্বল।"

হাডসন ভ্যালি শেক্সপিয়রের শৈল্পিক পরিচালক ডেভিস ম্যাককালাম বলেন, "2022 সালে বৃহৎ মূলধন সংশ্লিষ্ট অনুদানের একটি পেয়ে আমরা হাডসন নদীর উপর 98-একর ইকো-ক্যাম্পাসে দেশের প্রথম উদ্দেশ্য-প্রণীত LEED প্লাটিনাম থিয়েটারের নির্মাণ কাজ শুরু করতে পেরেছি। শিল্প, পরিবেশগত স্থায়িত্ব এবং অর্থনৈতিক উন্নয়নকে সমন্বিত করে এমন একটি রূপান্তরমূলক প্রকল্পে প্রাথমিক সহায়তার জন্য আমরা NYSCA-এর কাছে দৃঢ়ভাবে কৃতজ্ঞ। HVS-এর মতো শিল্প ও সাংস্কৃতিক সংগঠনগুলোর প্রতি NYSCA-এর সমর্থন শুধুমাত্র মিড হাডসন ভ্যালিতে আমাদের মতো কমিউনিটিগুলোতে নয় বরং সমগ্র নিউ ইয়র্ক স্টেট জুড়ে অবিশ্বাস্যভাবে প্রভাব সৃষ্টি করে।"

নিউ ইয়র্ক স্টেটের শিল্প পরিষদের ব্যাপারে

নিউ ইয়র্ক স্টেটের কাউন্সিল অন দ্য আর্টসের (Council on the Arts) এর মিশন হল সকলের জন্য নিউ ইয়র্ক স্টেটের শিল্প, সংস্কৃতি, এবং সৃজনশীলতার সম্পূর্ণ ব্যাপ্তি প্রতিপালন ও উন্নত করা। নিউ ইয়র্ক স্টেট জুড়ে শিল্পকলার চলমান পুনরুদ্ধারকে সমর্থন করার জন্য, স্টেটের পুরো 10টি অঞ্চল জুড়ে সংস্থা এবং শিল্পীদের কাউন্সিল অন দ্য আর্টস 2025 অর্থবছরে 162 মিলিয়ন মার্কিন ডলার অনুদান দেবে। নিউ ইয়র্কের সৃজনশীল সংস্কৃতিকে আরও এগিয়ে নিয়ে যেতে আর্ট কাউন্সিল নেতৃত্বের জন্য আরও লোক নিয়োগ করে সাংগঠনিক ও পেশাদার উন্নয়নের পথ প্রশস্ত করে তথ্য সম্পদকে আরও সমৃদ্ধ করছে। 1960 সালে গভর্নর নেলসন রকফেলার কর্তৃক তৈরি এবং গভর্নর ক্যাথি হোকল এবং নিউ ইয়র্ক স্টেট আইনসভার সমর্থনে অব্যাহত, কাউন্সিল হল একটি সংস্থা যা নির্বাহী শাখার অংশ। NYSCA সম্পর্কিত আরো তথ্য জানতে, অনুগ্রহ করে arts.ny.gov, দেখুন এবং NYSCA-এর ফেসবুক পেজ, X এ @NYSCArts এবং ইনস্টাগ্রামে @NYSCouncilontheArts-কে ফলো করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন